

নদী ও খাল

খাল বলে নদীটিকে, কী যে তোর চেহারাটা  
এত অঁকাবঁকা  
সভ্য সমাজের আর মান রাখা দায় হয়  
আজ থেকে আত্মীয় বলে ডাকা মানা।  
নদী বলে বেশ কথা, আমি আর কত দিন,  
ঠিক নেই থাকা বা না থাকা  
তুমি ভাই বেঁচে থাকো, জলে যদি টান পড়ে  
পাহাড় বা সাগরের জানো না ঠিকানা?

সু নীল গঙ্গোপাধ্যায়

